

# প্রাথমিক সমাপনী জেএসসির ফল প্রকাশ আজ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, সোমবার, ২৪ ডিসেম্বর ২০১৮

আজ পৃষ্ঠম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী এবং অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে। আনুষ্ঠানিকভাবে সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করা হবে। এরপর শিক্ষামন্ত্রী দুপুর ১২টায় এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বেলা ১২টায় পৃথক সংবাদ সম্মেলন করে এই দুই পরীক্ষার ফল প্রকাশ করবেন।

ফল প্রকাশের পাশাপাশি প্রধানমন্ত্রী বই উৎসবেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এরপর ১ জানুয়ারি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অথবা শিক্ষা সচিব সোহরাব হোসাইন সারাদেশে একযোগে বই উৎসবের উদ্বোধন করবেন। মন্ত্রী যদি উৎসবের দিন অংশ নিতে না পারেন সেক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বই উৎসবের উদ্বোধন করবেন। বেলা সাড়ে ১২টায় জেএসসি-জেডিসি পরীক্ষার ফল নিজে নিজ প্রতিষ্ঠানে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের

ওয়েবসাইটে রেজাল্ট কনারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে প্রতিষ্ঠনভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এছাড়া **পি.বিফ্পধঃরড়হনড়ধৎফ.মড়া.নফ** ওয়েবসাইটে রেজাল্ট কনারে ক্লিক করেও শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে ফলাফল ডাউনলোড করা যাবে। পাশাপাশি জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) ই-মেইলে রেজাল্ট শিট পাঠানো হবে। প্রয়োজনে ডিসি ও ইউএনওদের কাছ থেকে ফলের হার্ডকপি সংগ্রহ করা যাবে।

গত কৃষক বছর ধরে পঞ্চম ও অষ্টমের সমাপনীর ফল একই দিনে প্রকাশ করা হয়। সাধারণত ডিসেম্বর শেষে এই ফল ঘোষণা করা হলেও এবার ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের তারিখ থাকায় আগেই ফল ফল প্রকাশের প্রস্তুতি গ্রহণ করে দুই মন্ত্রণালয়।

গত ১৮ থেকে ২৬ নভেম্বর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী অনুষ্ঠিত হয়। এতে ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন খুদে শিক্ষার্থী অংশ নিয়েছে।

আর ১ থেকে ১৫ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয় জেএসসি-জেডিসি পরীক্ষা, যাতে অংশ নেয় ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী।